ত্রৈমাসিক

# টেলিযোগাযোগ তথ্য কণিকা

**বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন**

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০

www.btrc.gov.bd

বিটিআরসি কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক প্রকাশনা (জানুয়ারি-মার্চ, ২০২২) [প্রথমবর্ষ, প্রথম সংখ্যা]



রাজধানী আগারগাঁওস্থ প্রশাসনিক এলাকায় অবস্থিত বিটিআরসির নির্মাণাধীন ভবনের একাংশ




দেশের মোবাইল অপারেটর প্রতিনিধিগণের সক্রিয় অংশগ্রহণে ৩১ মার্চ ২০২২ তারিখ বৃহস্পতিবার রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) কর্তৃক ২.৩ গিগাহার্জ ব্যান্ডের বরাদ্দযোগ্য ১০০ মেগাহার্জ (১০ মেগাহার্জের ১০টি ব্লক) এবং ২.৬ গিগাহার্জ ব্যান্ডের বরাদ্দযোগ্য ১২০ মেগাহার্জ (১০ মেগাহার্জের ১২টি ব্লক) এর তরঙ্গ নিলাম অনুষ্ঠিত হয়।

## মুখবন্ধ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা গড়ার দৃঢ় প্রত্যয় নিয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বিটিআরসি নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বিটিআরসির সাফল্যের ধারাবাহিকতায় ২০২২ সালের প্রথম ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ)-এ অর্জন, সাফল্য ও কর্মকান্ডের সংক্ষিপ্ত বিবরণ এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনার বিষয়াবলী তুলে ধরে প্রকাশিত হলো "ত্রৈমাসিক টেলিযোগাযোগ তথ্য কণিকা"। ত্রৈমাসিক পত্রিকাটি প্রকাশ করতে পেরে আমি একাধারে আনন্দ ও গর্ব অনুভব করছি। আর এই উপলক্ষে আমি বিটিআরসি'র চলার সাথী দেশের অগণিত সম্মানিত গ্রাহক, সরকারি-বেসরকারি সংস্থা, অপারেটর ও লাইসেন্সধারীসহ বিভিন্ন কর্মকান্ডে নিয়োজিত অংশীজনদের অকৃত্রিম অভিনন্দন জানাই এবং বিটিআরসি'র সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীদের জানাই আন্তরিক ধন্যবাদ।


**শ্যাম সুন্দর সিকদার**
চেয়ারম্যান (সিনিয়র সচিব), বিটিআরসি।

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০ থেকে প্রকাশিত। www.btrc.gov.bd [হেল্পলাইন-১০০]

# প্রশাসন বিভাগ

### ডিজিটাল পদ্ধতিতে ছুটি ব্যবস্থাপনা চালু

বিটিআরসি'র সকল গ্রেডের কর্মচারীগণের ছুটি সঠিকভাবে ব্যবস্থাপনার জন্য কমিশনে "ছুটি ব্যবস্থাপনা" নামক একটি সফটওয়্যার চালু করা হয়েছে। উক্ত সফটওয়্যারের মাধ্যমে কমিশনের সকল গ্রেডের কর্মচারীগণ অনলাইনে ছুটির আবেদন করেন এবং তা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের মাধ্যমে চূড়ান্তভাবে অনুমোদিত হয়।




### কমিশনের ওয়েবসাইট জাতীয় তথ্য বাতায়নের স্থানান্তর

কমিশনের ওয়েবসাইটটি (www.btrc.gov.bd) সরকারের নির্দেশনা মোতাবেক জাতীয় তথ্য বাতায়নে স্থানান্তর করা হয়েছে। কমিশনের ওয়েবসাইটটি জাতীয় তথ্য বাতায়নের স্থানান্তরের ফলে সাধারণ জনগণ বাংলা/ ইংরেজি উভয় ভাষায় কমিশন সংশ্লিষ্ট তথ্য পরিদর্শন করতে পারছে।




### Citizen's Charter প্রণয়ন ও সংশোধন


মন্ত্রিপরিষদ বিভাগের Citizen's Charter প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগের পর্যবেক্ষণ অনুযায়ী কমিশনের জন্য একটি পূর্ণাঙ্গ সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) প্রণয়ন করা হয়েছে। ইতোমধ্যে স্টেকহোল্ডারদের জন্য ডিসপ্লেবোর্ডের মাধ্যমে তথ্য উপস্থাপনের ব্যবস্থা করা হয়েছে।


বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
www.btrc.gov.bd
সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)

### কর্মচারী চাকুরি প্রবিধানমালা ২০২২ বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০২২ গত ০৯ মার্চ ২০২২ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে, যার এস, আর, ও, নং-৩৮-আইন/২০২২।

# কমিশনের জনবল কাঠামো




# সিস্টেমস্ এন্ড সার্ভিসেস্ বিভাগ

## ডিজিটাল নিরাপত্তা সেলের কার্যক্রম

ডিজিটাল নিরাপত্তা সেল কর্তৃক সামাজিক যোগাযোগ মাধ্যমসমূহে রাষ্ট্রবিরোধী, সরকার বিরোধী, জননিরাপত্তার জন্য হুমকিস্বরূপ, সামাজিক মূল্যবোধ বিরোধী, পর্ণগ্রাফিক কনটেন্ট, অনলাইন গেমিং, অনলাইন বেটিং বা জুয়া খেলা, সাংস্কৃতিক কিংবা ধর্মীয় বিষয়ে উস্কানীমূলক ও উগ্রবাদী ইত্যাদি সংক্রান্ত বিভিন্ন কনটেন্ট অপসারণের কার্যক্রম পরিচালনার সাথে সাথে এ সকল প্লাটফর্মে ক্ষতিকর কনটেন্ট মনিটরিং এর কাজও চলমান রয়েছে। সোশ্যাল মিডিয়ায় ক্ষতিকর কনটেন্ট প্রতিরোধে বিটিআরসি হতে বিভিন্ন সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম যেমনঃ ফেসবুক, গুগল-ইউটিউব, টিকটক, লাইকি, বিগো ইত্যাদি প্রতিষ্ঠানসমূহের সাথে ২০২১ সাল থেকে নিয়মিতভাবে প্রতি প্রান্তিকে সমন্বয় সভার আয়োজন করা হয়।

## ফেসবুক প্রতিনিধি দলের বাংলাদেশ সফর এবং কর্মশালা

গত ২২ জানুয়ারি ২০২২ তারিখে মেটা তথা ফেসবুকের দক্ষিণ এশিয়া অঞ্চলের পাবলিক পলিসির প্রধান, এশিয়া প্যাসিফিক অঞ্চলের কনটেন্ট পলিসি প্রধান এবং বাংলাদেশের জন্য মেটার পাবলিক পলিসি প্রধান বিটিআরসি পরিদর্শন করে। মেটা প্রতিনিধিদের বিটিআরসি সফর উপলক্ষে বিটিআরসি ও মেটা কর্তৃক ফেসবুকের এর কমিউনিটি স্ট্যান্ডার্ড, কনটেন্ট রিপোর্টিং প্রক্রিয়া এবং কার্যকরী সহযোগীতা শীর্ষক একটি কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় মেটার এশিয়া প্যাসিফিক পাবলিক পলিসি টিম, দেশের বিভিন্ন গোয়েন্দা সংস্থা, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর উচ্চপদস্থ কর্মকর্তাগণের পাশাপাশি সরকারের বিভিন্ন সংস্থার প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। এছাড়া, উক্ত সফরে মেটার এশিয়া প্যাসিফিক পাবলিক পলিসি টিম ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী জনাব মোস্তাফা জব্বার, সচিব জনাব মোঃ খলিলুর রহমান, বিটিআরসি'র চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদারসহ অন্যন্য শীর্ষ পর্যায়ের কর্মকর্তাদের সাথে দ্বিপাক্ষিক আলোচনায় অংশগ্রহণ করে।



চিত্র: ফেসবুক প্রতিনিধি দলের সাথে আলোচনা ও কর্মশালা অনুষ্ঠান

## ব্রডব্যান্ড পলিসি বিষয়ক কর্মশালা

দেশের ব্রডব্যান্ড সেবায় একটি মানসম্পন্ন, যুগোপযোগী নীতিমালা তৈরির লক্ষ্যে জাতীয় ব্রডব্যান্ড নীতিমালা ২০২২ প্রণয়নে তথ্যপ্রযুক্তি অবকাঠামো, পরিষেবা এবং সংযোগের বিষয়ে তথ্যপ্রযুক্তিবিদ, শিক্ষাবিদ, গবেষক ও এ খাত সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে একটি পরামর্শমূলক কর্মশালার আয়োজন করেছে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)। উক্ত কর্মশালায় পাঁচটি গ্রুপ মোবাইল ব্রডব্যান্ড নেটওয়ার্ক এবং পরিষেবাসমূহ (৪জি+৫জি), ফিক্সড ওয়্যার্ড এবং ওয়্যারলেস ব্রডব্যান্ড নেটওয়ার্ক পরিষেবাসমূহ, পাবলিক অ্যাক্সেস সুবিধাসমূহ এবং কমিউনিটি নেটওয়ার্ক, সাশ্রয়ী মূল্যের ইন্টারনেট সংযোগ: মূল্য এবং ভর্তুকি, সহায়ক অবকাঠামো, কস্ট শেয়ারিং ইনফ্রাস্ট্রাকচার বিজনেস মডেল, টেকসই এবং নবায়নযোগ্য শক্তির উৎসসমূহ- নিয়ে গ্রুপভিত্তিক আলোচনা করে। এতে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ও আইসিটি বিভাগের কর্মকর্তাবৃন্দ, বিটিআরসি, মোবাইল অপারেটরস, আইজিডব্লিউ অপারেটরস, এনটিটিএন, আইএসপি, বিআইজিএফ, বাংলাদেশ এসোসিয়েশন অব কল সেন্টার এন্ড আউটসোর্সিং, বাংলাদেশ এনজিও নেটওয়ার্ক ফর রেডিও এন্ড কমিউনিকেশন এর তথ্য প্রযুক্তিবিদগণ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও গবেষকগণসহ মোট ৭৫ জন তথ্যপ্রযুক্তিবিদ আলোচনার মাধ্যমে বিষয়সমূহের উপর নানাবিধ প্রশ্নাবলী উপস্থাপনসহ সুপারিশমালারূপে এসকল প্রশ্নের উত্তর প্রস্তুত করেন। যা পরবর্তী সেশনে আলোচনার জন্য উপস্থাপন করা হয়।





চিত্র: ব্রডব্যান্ড পলিসি বিষয়ক কর্মশালায় বক্তব্য প্রদান করছেন বিটিআরসি'র চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার (উপরে) এবং কর্মশালায় অংশগ্রহণকারী সকল প্রতিনিধিবৃন্দ (নীচে)



চিত্র: কর্মশালায় বক্তব্য রাখছেন বিটিআরসির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নাসিম পারভেজ

ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের গতিকে আরো একধাপ এগিয়ে নিতে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল কানেক্টিভিটি স্থাপনের লক্ষ্যে তথ্যপ্রযুক্তিবিদ, শিক্ষাবিদ, গবেষক ও সংশ্লিষ্ট আন্ত:মন্ত্রণালয়ের অংশীজনদের নিয়ে শিক্ষা মন্ত্রণালয়, ডাক টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এবং বিটিআরসির উদ্যোগে দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকালে বিটিআরসির প্রধান সম্মেলন কক্ষে আয়োজিত এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি যুক্ত ছিলেন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী জনাব মোস্তাফা জব্বার ও কর্মশালার সভাপতি বিটিআরসি'র চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার।

কর্মশালার প্রথম সেশনে অংশগ্রহণকারীদের সমন্বয়ে ৪টি গ্রুপে (ক) শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল নেটওয়ার্কের নকশা এবং সংযোগ স্থাপন (খ) শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল সংযোগ ও নেটওয়ার্ক পরিচালনা এবং ব্যবস্থাপনা (গ) শিক্ষা কার্যক্রমের জন্য ডিজিটাল ডিভাইস এবং ডিজিটাল কন্টেন্ট (ঘ) শিক্ষা প্রতিষ্ঠানের ডিজিটাল নেটওয়ার্ক পরিচালনা, মনিটরিং, রক্ষণাবেক্ষণ এবং অভিযোগ ব্যবস্থাপনা বিষয়াবলী আলোচিত হয়েছে। এতে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ও আইসিটি বিভাগের কর্মকর্তাবৃন্দ, বিটিআরসি, মোবাইল অপারেটরস, এনটিটিএন, আইএসপি, আইআইজিএবি, অ্যালায়েন্স ফর অ্যাফোরডেবল ইন্টারনেট (A4AI) প্রতিনিধি, তথ্যপ্রযুক্তিবিদগণ, শিক্ষাবিদ ও গবেষকগণসহ মোট ৪৮ জন আলোচনার মাধ্যমে বিষয়সমূহ বাস্তবায়নের উপায়, অন্তরায় ও চ্যালেঞ্জের উপর নানাবিধ প্রশ্নাবলী উপস্থাপনসহ সুপারিশমালা প্রস্তুত করেন। যা পরবর্তী সেশনে আলোচনার জন্য উপস্থাপন করা হয়।



চিত্র : ডিজিটাল শিক্ষা বিষয়ক কর্মশালায় গ্রুপ আলোচনার একাংশ

## বিটিআরসি কর্তৃক মোবাইল ফোন অপারেটরসমূহের ডাটা এবং ডাটা সংশ্লিষ্ট বিভিন্ন প্যাকেজ সম্পর্কিত নতুন নির্দেশিকার উদ্বোধন

১৫ মার্চ ২০২২ এ মাননীয় ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী এবং সচিব মহোদয়ের উপস্থিতিতে মোবাইল অপারেটরদের নতুন ডাটা প্যাকেজ নির্দেশিকা উদ্বোধন করা হয়েছে। আন্তর্জাতিক প্র্যাকটিস হিসেবে মেয়াদ শেষ হবার পূর্বে একই ডাটা প্যাকেজ পুণঃ ক্রয় কিংবা মেয়াদান্তে অটো রিনিউ হলে অব্যবহৃত ডাটা ক্যারি ফরওয়ার্ড করা হত। বিটিআরসি মোবাইল অপারেটরসমূহের সাথে আলোচনার মাধ্যমে একই ভলিউমের ভিন্ন মেয়াদের প্যাক ক্রয় করা হলেও যাতে ডাটা ক্যারি ফরওয়ার্ড করা যায় সেরূপ নির্দেশিকা প্রণয়ন করেছে। এছাড়াও, অনুষ্ঠানে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী মহোদয়ের উপস্থাপিত প্রস্তাবনা অনুযায়ী ৩১ মার্চ ২০২২ এর মধ্যে ভলিউম ভিত্তিক মেয়াদবিহীন ডাটা প্যাকেজ ও সীমাবিহীন ভলিউমের মাসিক ডাটা প্যাকেজ চালু করার বিষয়ে মোবাইল অপারেটরসমূহকে অনুরোধ করার সিদ্ধান্ত কমিশনের ২৬১ তম সভায় গৃহীত হয়েছে।



চিত্র: উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত অতিথিবৃন্দ


## আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে মোবাইল অপারেটর হতে গ্রাহকদের জন্য "সকল ধরণের এসএমএস/নোটিফিকেশন বাংলায় প্রেরণ"

বিটিআরসি'র সম্মানিত চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার মহোদয়ের সভাপতিত্বে ২০ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১ ঘটিকায় বিটিআরসি'র প্রধান সভাকক্ষে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে মোবাইল অপারেটর হতে গ্রাহকদের জন্য 'সকল ধরণের এসএমএস এবং নোটিফিকেশন বাংলায় প্রেরণ' চালু করা হয়। উক্ত অনুষ্ঠানে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী জনাব মোস্তাফা জব্বার প্রধান অতিথি এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর সম্মানিত সচিব জনাব মোঃ খলিলুর রহমান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠানে কমিশনের সিস্টেমস্ এন্ড সার্ভিসেস বিভাগের সম্মানিত মহাপরিচালক ব্রিগেঃ জেনাঃ মোঃ নাসিম পারভেজ এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি মোবাইল অপারেটর হতে গ্রাহকদের জন্য "সকল ধরণের এসএমএস/নোটিফিকেশন বাংলায় প্রেরণ" সংক্রান্ত সর্বশেষ তথ্যাদি উপস্থাপন করেন।



চিত্রঃ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে গ্রাহকদের মোবাইলে এসএমএস/নোটিফিকেশন বাংলায় প্রেরণ সংক্রান্ত সেবার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী জনাব মোস্তাফা জব্বার, উক্ত বিভাগের সচিব জনাব মোঃ খলিলুর রহমান, বিটিআরসি'র চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদারসহ উধ্বর্তন কর্মকর্তাবৃন্দ।

## বিটিআরসি'র নিজস্ব অভিযোগ সেলে আগত অভিযোগসমূহ গ্রহণ ও নিষ্পত্তি




নব প্রযুক্তির সমন্বয়ে মানসম্মত টেলিযোগাযোগ সেবা প্রদানের নিমিত্তে কমিশন হতে বিভিন্ন লাইসেন্স প্রদান করা হয়ে থাকে। টেলিযোগাযোগ অপারেটরসমূহের সেবা সংক্রান্ত বিষয়ে গ্রাহক পর্যায়ে অভিযোগ যথাযথভাবে গ্রহণ ও নিষ্পত্তির জন্য সকল অপারেটরসমূহের নিজস্ব গ্রাহক সেবা কেন্দ্র বা কাস্টমার কেয়ার সেন্টার রয়েছে। টেলিযোগাযোগ সেবা গ্রহণকারীগণ তাঁদের সমস্যা সমাধানকল্পে সংশ্লিষ্ট সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের গ্রাহক সেবা কেন্দ্র বা কাস্টমার কেয়ার সেন্টারে অভিযোগ প্রদান করে থাকেন। উক্ত প্রতিষ্ঠান কর্তৃক অভিযোগ সমাধান করা না হলে বা সংশ্লিষ্ট সেবাদানকারীকে অভিযোগ করে গ্রাহক উপেক্ষিত হলে সমাধানের লক্ষ্যে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন উদ্যোগ গ্রহণ করে।

## কমিশনের কলসেন্টার '১০০' এর অপারেশনাল কার্যক্রম পরিচালনার নিমিত্ত নবনিযুক্ত প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর কলসেন্টার "১০০" এর অপারেশনাল কার্যক্রম পরিচালনার নিমিত্ত বিটিআরসি ও জেনেক্স ইনফোসিস লিমিটেডের মধ্যে ১৯শে জানুয়ারি ২০২২ তারিখে একটি চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়।



বিটিআরসি'র প্রধান সম্মেলন কক্ষে কমিশনের চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বিটিআরসি'র সিস্টেম এন্ড সার্ভিসেস বিভাগের পরিচালক সাজেদা পারভীন এবং জেনেক্স ইনফোসিস লিমিটেড এর সিইও জনাব প্রিন্স মজুমদার নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিপত্রে স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে কমিশনের সকল কমিশনার, মহাপরিচালক, কমিশন সচিব সহ বিটিআরসি'র অন্যান্য উর্দ্ধতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।



## স্পেকট্রাম বিভাগ

বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮ এর লক্ষ্য ও পরিকল্পনায় বলা হয়েছে "২০২১-২০২৩ সালের মধ্যে ৫-জি চালু করা হবে"। এ লক্ষ্যে, বাংলাদেশে ৫-জি সেবা চালুর জন্য ২.৩ গিগাহার্জ, ২.৬ গিগাহার্জ ও ৩.৫ গিগাহার্জ ব্যান্ড ৩ (তিন) টি নির্ধারণ করা হয়েছে। গত ১২ ডিসেম্বর ২০২১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক মাননীয় উপদেষ্টা টেলিটক বাংলাদেশ লিমিটেড কর্তৃক ৩.৫ গিগাহার্জ ব্যান্ডে ৫জি সেবা পরীক্ষামূলক চালুর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এরই প্রেক্ষিতে ৩১ মার্চ ২০২২ তারিখ বৃহস্পতিবার রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) কর্তৃক ২.৩ গিগাহার্জ ব্যান্ডের বরাদ্দযোগ্য ১০০ মেগাহার্জ (১০ মেগাহার্জের ১০টি ব্লক) এবং ২.৬ গিগাহার্জ ব্যান্ডের বরাদ্দযোগ্য ১২০ মেগাহার্জ (১০ মেগাহার্জের ১২টি ব্লক) এর তরঙ্গ নিলাম অনুষ্ঠিত হয়েছে।

বিটিআরসির ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশনস্ বিভাগের কমিশনার প্রকৌঃ মোঃ মহিউদ্দিন আহমেদ এর সভাপতিত্বে পরিচালিত এ গুরুত্বপূর্ণ নিলাম কার্যক্রম এর ১ম পর্ব পরিচালনা করেন কমিশনের সিস্টেমস অ্যান্ড সার্ভিসেস বিভাগের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নাসিম পারভেজ এবং ২য় পর্ব পরিচালনা করেন স্পেকট্রাম বিভাগের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ মনিরুজ্জামান জুয়েল।





২.৬ গিগাহার্জ ব্যান্ড হতে গ্রামীণফোন লিমিটেড ৬০.০০ মেগাহার্জ এবং রবি আজিয়াটা লিমিটেড ৬০.০০ মেগাহার্জ, এবং ২.৩ গিগাহার্জ ব্যান্ড হতে বাংলালিংক ডিজিটাল কমিউনিকেশন্স লিমিটেড ৪০.০০ মেগাহার্জ এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড ৩০.০০ মেগাহার্জ তরঙ্গ বরাদ্দ গ্রহণ করেছে।






১৫ বছরের জন্য যার মূল্য ১.২৩৫ (ভ্যাট ব্যতীত) বিলিয়ন মার্কিন ডলার, যা বাংলাদেশি টাকায় ১০ হাজার ৬৪৫ কোটি ৭০ লক্ষ টাকা। সর্বশেষ হিসাব অনুযায়ী অপারেটরভিত্তিক মোট একসেস তরঙ্গ গ্রামীণফোন লিমিটেডের ক্ষেত্রে ৪৭.৪০ মেগাহার্জ হতে ১০৭.৪০ মেগাহার্জে, রবি আজিয়াটা লিমিটেড এর ক্ষেত্রে ৪৪.০০ মেগাহার্জ হতে ১০৪.০০ মেগাহার্জে, বাংলালিংক ডিজিটাল কমিউনিকেশন্স লিমিটেড এর ক্ষেত্রে ৪০.০০ মেগাহার্জ হতে ৮০.০০ মেগাহার্জে এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ক্ষেত্রে ২৫.২০ মেগাহার্জ হতে ৫৫.২০ মেগাহার্জে উন্নীত হবে।

## ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশনস্ বিভাগ

টেলিযোগাযোগ খাতের নিরাপত্তা ও লাইসেন্সধারী অপারেটরদের দায়বদ্ধতা নিশ্চিতকরণের লক্ষ্যে বিটিআরসিতে একটি স্বয়ংক্রিয় ডিজিটাল ব্যবস্থা (টেলিকম মনিটরিং সিস্টেম-TMS) স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। গত ০৭-০৩-২০২২ তারিখে বিটিআরসি'র চেয়ারম্যান মহোদয় বিটিআরসি'তে অবস্থিত টেলিকম মনিটরিং সিস্টেম স্থাপনের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন।





চিত্র: কমিশনের মাননীয় চেয়ারম্যান, কমিশনার এবং মহাপরিচালক মহোদয়গণ কর্তৃক টেলিকম মনিটরিং সিস্টেম TMS সেন্টার পরিদর্শন

গত ২০-২১ মার্চ, ২০২২ তারিখে ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশনস্ বিভাগ কর্তৃক দুইদিন ব্যাপি MIST এর শিক্ষার্থীদের QoS এবং EMF Radiation পরিমাপ সংক্রান্ত যন্ত্রপাতির পরিচয় এবং এ সংশ্লিষ্ট যন্ত্রপাতির কার্যক্রম সংক্রান্ত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়।



ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশনস্ বিভাগ কর্তৃক গত ৩০-৩১ মার্চ, ২০২২ তারিখে দুইদিন ব্যাপি QoS বেঞ্চমার্কিং সিস্টেম সংক্রান্ত প্রশিক্ষণ পরিচালিত হয়।



## লীগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগ

### লীগ্যাল শাখা

কমিশনের লীগ্যাল শাখা কর্তৃক আইন বিষয়ক সকল সিদ্ধান্ত বাস্তবায়ন করার লক্ষ্যে দেশের সর্বোচ আদালত সুপ্রীমকোর্টসহ বিভিন্ন আদালতে কমিশনের পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলাসমূহ পরিচালনা করে থাকে। এর ধারাবাহিকতায় সরকারি দাবি আদায় আইন, ১৯১৩ এর অধীনে কমিশন হতে বিভিন্ন লাইসেন্সধারীর বিরুদ্ধে দায়েরকৃত মামলায় ০১-০১-২০২২ খ্রি. হতে ২৭-০৩-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত প্রাপ্ত অর্থের পরিমাণসমূহ:

কমিশন হতে IPTSP লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান Sine-10 (BD) Ltd. নামক প্রতিষ্ঠানের নিকট থেকে বকেয়া পাওনা বাবদ সর্বমোট ২৩,৩৭,২০৭.০০ (তেইশ লক্ষ সাঁইত্রিশ হাজার দুইশত সাত) টাকা আদায়ের উদ্দেশ্যে বিগত ১৬-০২-২০১৭ খ্রি. তারিখে বিজ্ঞ জেনারেল সার্টিফিকেট অফিসার এর আদালত, ঢাকা এ সার্টিফিকেট মামলা নং-৯৮ বিটিআরসি/২০১৭ দায়ের করা হয়। তৎপ্রেক্ষিতে, বিজ্ঞ আদালতের নির্দেশক্রমে বিভিন্ন তারিখে কিস্তিতে অর্থ পরিশোধ করে আসছে এবং অদ্যাবধি Sine-10 (BD) Ltd. এর নিকট হতে ৭,৩০,০০০.০০ (সাত লক্ষ ত্রিশ হাজার) টাকা আদায় করা হয়েছে। তন্মধ্যে উক্ত প্রতিষ্ঠান কর্তৃক গত ১৩-০১-২০২২ খ্রি. তারিখে আদালতের মাধ্যমে কমিশনে ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা জমা প্রদান করা হয়। মামলার পরবর্তী ধার্য তারিখ ৩১ মার্চ ২০২২ খ্রি.

কমিশন হতে IPTSP লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান জে.এফ. অপটিক্যাল এর নিকট হতে সরকারি পাওনা বাবদ ৩৭,২৪,১১০.০০ (সাঁইত্রিশ লক্ষ চব্বিশ হাজার একশত দশ) টাকা আদায়ের উদ্দেশ্যে বিজ্ঞ জেনারেল সার্টিফিকেট অফিসার এর আদালত, ঢাকা এ সার্টিফিকেট মামলা নং-৫৬২বিটিআরসি/২০১৭ দায়ের করা হয়। তৎপ্রেক্ষিতে, বিজ্ঞ আদালতের নির্দেশক্রমে বিভিন্ন তারিখে কিস্তিতে অর্থ পরিশোধ করে আসছে এবং অদ্যাবধি জে.এফ. অপটিক্যাল এর নিকট হতে ২,৯৫,০০০.০০ (দুই লক্ষ পঁচানব্বই হাজার) টাকা আদায় করা হয়েছে। তন্মধ্যে উক্ত প্রতিষ্ঠান কর্তৃক ২৭-০২-২০২২ খ্রি. তারিখে আদালতের মাধ্যমে কমিশনে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা জমা প্রদান করা হয়।

মামলার পরবর্তী ধার্য তারিখঃ ৩১-০৩-২০২২ খ্রি.। অর্থাৎ ০১-০১-২০২২ খ্রি. হতে ২৭-০৩-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত বিজ্ঞ আদালতের নির্দেশক্রমে উপর্যুক্ত প্রতিষ্ঠানদ্বয় হতে কমিশনে সর্বমোট ১,১০,০০০.০০ (এক লক্ষ দশ হাজার) টাকা জমা প্রদান করা হয়েছে।

কমিশনের IGW অপারেটর Telex Limited এর বার্ষিক লাইসেন্স ফি, রেভিনিউ শেয়ারিং, বিলম্ব ফি ও ভ্যাট বাবদ কমিশনের নিকট সর্বমোট বকেয়া ১০৪,৭৪,৫৭,৫৯৮ (একশ চার কোটি চুয়াত্তর লক্ষ সাতান্ন হাজার পাঁচশত আটান্নব্বই) টাকা আদায়ের লক্ষ্যে উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে গত ০৫/০২/১৪ তারিখ সিআর মামলা নং-১৩৮/১৪ দায়ের করা হয়। গত ১৯/০১/২২ তারিখ অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত-০২ উক্ত মামলার রায় প্রদান করেন। উক্ত রায়ে বিজ্ঞ আদালত ১ হতে ৩ নং আসামীদের প্রত্যেকের বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় বিজ্ঞ আদালত তাদের প্রত্যেককে ০২ (দুই) বছর সশ্রম কারাদন্ড এবং তাদেরকে যৌথভাবে ১৫০ কোটি টাকা জরিমানা; অনাদায়ে প্রত্যেককে আরো ০১ (এক) বছর সশ্রম কারাদন্ডে দন্ডিত করেন। সেই সাথে ৪ ও ৫ নং আসামীগণ কোম্পানীর কর্মকর্তা হওয়ার প্রেক্ষিতে তাদেরকে মালিক-পক্ষের কাজের জন্য সরাসরি দায়ী করার সুযোগ না থাকায় তাদেরকে মামলার দায় হতে খালাস প্রদান করেন।

## লাইসেন্সিং শাখা

| লাইসেন্সের নাম/ধরণ/অন্যান্য | বিস্তারিত বিবরণ |
|---|---|
| বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ (লাইসেন্স) প্রবিধানমালা, ২০২২ | বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (২০০১ সনের ১৮ নং আইন) এর ৯৯ এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকারের পূর্বানুমোদনক্রমে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ (লাইসেন্স) প্রবিধানমালা, ২০২২ (এস, আর, ও, নং-০৭-আইন/২০২২) গত ১৬/০৩/২০২২ তারিখে প্রকাশিত হয়েছে। |
| সাবমেরিন ক্যাবল লাইসেন্স সংক্রান্ত | গত ১২/১০/২০২১ তারিখে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে এবং মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক মাননীয় উপদেষ্টার উপস্থিতিতে অনুষ্ঠিত সভায় বেসরকারি পর্যায়ে ০১ (একটি) Submarine Cable License প্রদানের বিষয়ে পর্যালোচনাপূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্তের প্রেক্ষিতে কমিশন হতে গত ২২-০২-২০২২ তারিখে "Invitation to Offers/Proposals for Granting Lincense for Submarine Cable System and Services" শিরোনামে একটি বিজ্ঞপ্তি কমিশনের ওয়েবসাইটে এবং বাংলাদেশে বহুল প্রচলিত বাংলা ও ইংরেজী দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয়। প্রত্যাশী প্রতিষ্ঠানসমূহ থেকে Offers/Proposals দাখিল প্রক্রিয়া বর্তমানে চলমান রয়েছে। |
| লাইসেন্স সংখ্যা | অত্র কমিশন ২৭ টি ক্যাটাগরিতে বিভিন্ন মেয়াদে লাইসেন্স প্রদান করে। অদ্যাবধি কমিশন হতে ২,৭৩৩ টি লাইসেন্স ইস্যু করা হয়েছে। ন্যাশনওয়াইড, ডিভিশনাল, ডিস্ট্রিক্ট এবং উপজেলা/থানা ক্যাটাগরির ভিত্তিতে নতুন লাইসেন্স প্রদান করা হয়। আইএসপি লাইসেন্সিং গাইডলাইন জারির পর কনভার্সনসহ ন্যাশনওয়াইড, ডিভিশনাল, ডিস্ট্রিক্ট এবং উপজেলা/থানা আইএসপি লাইসেন্স সর্বমোট ১,৭৯৭ টি প্রদান করা হয়েছে। |
| VSP লাইসেন্স সংক্রান্ত | সরকার কর্তৃক শেষবারের মতো ২০২০-২০২২ মেয়াদে নবায়নের অনুমোদন এবং নির্ধারিত সময়ে ফি ও চার্জ পরিশোধ করায় ৭৫৬ টি ভিএসপি লাইসেন্সের মধ্যে ২৬ টি'র নবায়ন করা হয়েছে। এর মধ্যে ২৪ টি ভিএসপি'র মেয়াদ গত ২৪ মার্চ ২০২২ তারিখে উত্তীর্ণ হয়েছে এবং বাকি ২ টির মেয়াদ আগামী ২৯-০৮-২০২২ আগস্ট ২০২২ তারিখে উত্তীর্ণ হবে। |

## অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ

গত ৩১/১০/২০২১ তারিখে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর গৃহীত সিদ্ধান্ত অনুসারে 'একটি যোগাযোগ ও সম্প্রচার স্যাটেলাইট উৎক্ষেপণ প্রাক প্রস্তুতি ও তদারকি প্রকল্পে'র মাধ্যমে ব্যয়কৃত অর্থ ১২৬.৬৮ কোটি টাকা এবং 'বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ প্রকল্পের' মাধ্যমে ব্যয়কৃত ২৮৮.৪২ কোটি টাকা সহ অর্থাৎ সর্বমোট ৪১৫.১০ কোটি টাকা বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) হতে বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল)-এ নভেম্বর-২০২১-এর মধ্যে হস্তান্তর (বুকট্রান্সফার) সম্পন্ন করে ডাক ও টেলিযোগাযোগ বিভাগকে অবহিত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।



চিত্র: বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর জন্য গঠিত প্রকল্পের সম্পদ ও দায় বিটিআরসি হতে বিএসসিএল-এ হস্তান্তর অনুষ্ঠানে উপস্থিত বিটিআরসি'র ভাইস-চেয়ারম্যান জনাব সুব্রত রায় মৈত্র, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগের মহাপরিচালক প্রকৌ: মো: মেসবাহুজ্জামান, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগের পরিচালক মোঃ এয়াকুব আলী ভূইয়াসহ বিএসসিএল এর কর্মকর্তাবৃন্দ।

উক্ত সিদ্ধান্ত মোতাবেক বিগত ৩১/০১/২০২২ তারিখে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনে বিটিআরসি এবং বিএসসিএল এর প্রতিনিধিগণ একটি স্ট্যাম্পে স্বাক্ষরপূর্বক উক্ত বুক ট্রান্সফারের {২,৫১৮.০৪২৩ কোটি টাকা (দায় ও সম্পদ)} কার্যক্রম সম্পন্ন করেন।

## এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেট

| ক্রম | বিষয় | তথ্য |
|---|---|---|
| ০১ | অবৈধ টেলিযোগাযোগ সেবা/অবৈধ VoIP স্থাপনা/বেতার যন্ত্রপাতির বিরুদ্ধে পরিচালিত অভিযানের সংখ্যা | ০৭ টি |
| ০২ | অবৈধ VoIP কাজে ব্যবহৃত জব্দকৃত সিমের সংখ্যা | ৪,৪১৫ টি |
| ০৩ | অবৈধ VoIP কাজে ব্যবহৃত হওয়ার সন্দেহে বন্ধকৃত সিমের সংখ্যা | ৪২,৪৮৮ টি |
| ০৪ | টেলিযোগাযোগ আইনের বিভিন্ন বিধান ভঙ্গের কারণে দায়েরকৃত মামলার সংখ্যা | ০৫ টি |
| ০৫ | লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান পরিদর্শনের সংখ্যা | ৩৯ টি |
| ০৬ | আরোপকৃত জরিমানার পরিমাণ | ৬,০০,০০০/- |

# ছবি গ্যালারি



চিত্র: টেলিযোগাযোগ খাতসংশ্লিষ্ট সমসাময়িক বিষয়ে 'চ্যানেল আই' তে সাক্ষাৎকার প্রদান করছেন বিটিআরসি'র চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার (০৩ জানুয়ারি ২০২২)।



চিত্র: টেলিযোগাযোগ সংক্রান্ত সমসাময়িক বিষয়ে "বাংলা ভিশন" এ সাক্ষাৎকার প্রদান করছেন বিটিআরসি'র ভাইস-চেয়ারম্যান জনাব সুব্রত রায় মৈত্র (১৪ ফেব্রুয়ারি ২০২২)।



চিত্র: টেলিকম এন্ড টেকনোলজি রিপোর্টার্স নেটওয়ার্ক অব বাংলাদেশ (টিআরএনবি) এর নবগঠিত কমিটির সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী জনাব মোস্তাফা জব্বার। এতে সভাপতিত্ব করেন বিটিআরসি'র চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার। স্থান: বিটিআরসি'র প্রধান সম্মেলন কক্ষ, তারিখ: ২৮ মার্চ ২০২২।



চিত্র: ইংরেজি নববর্ষ-২০২২ উপলক্ষে বিটিআরসি পরিবারের সাথে চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণের ফুলেল শুভেচ্ছা বিনিময় (০১ জানুয়ারি ২০২২)।



চিত্র: বিটিআরসি'র ২০তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করছেন কমিশনের চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার (৩১ জানুয়ারি ২০২২)।




চিত্র: আন্তর্জাতিক মার্তৃভাষা দিবস উপলক্ষে কমিশনের ভাইস-চেয়ারম্যান মহোদয়ের নেতৃত্বে রাজধানীর মগবাজারে বিটিসিএল আইডিয়াল স্কুল এন্ড কলেজে বিটিআরসি'র পক্ষ থেকে শহীদদের প্রতি গভীর শ্রদ্ধাঞ্জলি (২১ ফেব্রুয়ারি ২০২২)



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর স্পেকট্রাম বিভাগের কমিশনার প্রকৌশলী এ কে এম শহীদুজ্জামান হৃদরোগে আক্রান্ত হয়ে গত ২৪ জানুয়ারি ২০২২ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বিটিআরসি ও টেলিযোগাযোগখাত সংশ্লিষ্ট সংস্থাসমূহের উচ্চপদস্থ কর্মকর্তাগণ রমনাস্থ বিটিআরসি কার্যালয়ের সামনে তাঁর জানাজায় অংশগ্রহণ পরবর্তীতে ফুলেল শ্রদ্ধা জ্ঞাপন করেন (২৪ জানুয়ারি ২০২২)।




চিত্র: মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২২ উপলক্ষে ডাক ভবনে "বঙ্গবন্ধু ও ভাষা আন্দোলন" বিষয়ক অনুষ্ঠানে উপস্থিত ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী জনাব মোস্তাফা জব্বার, বিশিষ্ট শিক্ষাবিদ ড. সৈয়দ আনোয়ার হোসেন, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব জনাব মো: খলিলুর রহমান, বিটিআরসি'র চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদারসহ অন্যান্য অতিথিবৃন্দ (২১ ফেব্রুয়ারি ২০২২)।

# বিটিআরসি'র বার্ষিক বনভোজন

দিনভর আড্ডা, সাংস্কৃতিক অনুষ্ঠান, দৌড় প্রতিযোগিতা, র‍্যাফেল ড্রসহ নানা আয়োজনের মাধ্যমে বিটিআরসি'র কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবারবর্গ নিয়ে ১২ মার্চ ২০২২ তারিখে বার্ষিক বনভোজন অনুষ্ঠিত হয়। বিটিআরসি'র সাবেক চেয়ারম্যান ড. শাহজাহান মাহমুদ, সাবেক মহাপরিচালক (স্পেকট্রাম) ব্রিগে: জেনা: মো: শহীদুল আলমসহ বর্তমান এবং সাবেক কর্মকর্তারা এতে উপস্থিত ছিলেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিটিআরসি'র চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার।










বিটিআরসি'র বার্ষিক বনভোজন ২০২২ এর কিছু খন্ড চিত্র (২৮ মার্চ ২০২২)।

**উপদেষ্টা: জনাব শ্যাম সুন্দর সিকদার,** চেয়ারম্যান (সিনিয়র সচিব), বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)।
**সম্পাদনায়: জনাব মোঃ নূরুল হাফিজ,** সচিব, বিটিআরসি; **জনাব মোঃ জাকির হোসেন খাঁন,** উপ-পরিচালক, বিটিআরসি; **জনাব এমরান হোসেন গাজী,** আলোকচিত্রী বিটিআরসি, রমনা, ঢাকা-১০০০।